

## উদ্বেগজনকভাবে বাড়ছে

## স্কুল ছাত্র অপহরণ

## সর্বত্র আতঙ্ক

কামরুল হাসান

স্কুল থেকে ছাত্র অপহরণ ও খুনের ঘটনা উদ্বেগজনকভাবে বৃদ্ধি পাওয়ায় সর্বত্র আতঙ্ক ছড়িয়ে পড়েছে। ইজি নিয়ারিং ইউনিভার্সিটি স্কুলের পর অপহরণের হুমকি দেয়া হয়েছে উদয়ন হাইস্কুলেও।  
(১)- পৃষ্ঠা ৪-৩৭ কঃ দেবুল)

### উদ্বেগজনকভাবে (প্রথম পাতার পর)

পূর্ব বাংলা সর্বদ্বারা পার্টি ও কমিউনিস্ট পার্টির নামে চিঠি দিয়ে তিন লাখ টাকা চাঁদা দাবি করা হয়েছে। রাজধানীর আরও কয়েকটি স্কুলেও একই অবস্থা বিরাজ করছে। অবস্থা এমন হয়েছে যে, অভিভাবকরা তাদের কোমলমতি শিশু-কিশোরদের এখন স্কুলে পাঠাতেও ভয় পাননি। স্কুলগুলোও অভিভাবকদের সতর্ক করে দিতে বিস্তুতি দিয়েছে। সাম্প্রতিক সময়ে রাজধানীতে অপহরণের ঘটনা অতীতের সকল সময়ের রেকর্ড ছাড়িয়ে গেছে। পুলিশ কর্মকর্তারাও এসব হীকার করেছেন। তাদের বক্তব্য, অপহরণের ঘটনায় অপহরণকারীর দৃষ্টান্তমূলক শাস্তির পরেও অপরাধ কমছে না। রাজধানীতে একের পর এক অপহরণের ঘটনা ঘটেই